

রজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২৬, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/১১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৪৫.১৮.২৬৯.২৩-৬৯৩—উপজেলা পরিষদ (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ১৮নং অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার যৌথভাবে উপজেলা পরিষদ তহবিল পরিচালনা করেন। কক্সবাজার জেলার সদর উপজেলার ১০টি ইউনিয়ন হতে ইসলামপুর, পোকখালী, ইসলামাবাদ, ঈদগাঁও ও জালালাবাদ ইউনিয়নকে নিয়ে বিগত ২২-০৮-২০২১ তারিখ ঈদগাঁওকে নতুন উপজেলা হিসেবে ঘোষণা করে ২৪-০৮-২০২১ তারিখে গেজেট প্রকাশ করা হলেও অদ্যাবধি ঈদগাঁও উপজেলা পরিষদ গঠিত হয়নি। সে কারণে উপজেলা পরিষদের তহবিল পরিচালনা করা সম্ভব হচ্ছে না।

০২। এ প্রেক্ষাপটে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৭২ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে, কক্সবাজার জেলার নবগঠিত ঈদগাঁও উপজেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত বা পরবর্তী নির্দেশনা দেয়া পর্যন্ত উক্ত উপজেলার আর্থিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে কক্সবাজার সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার (ঈদগাঁও উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) ও কক্সবাজার সদর উপজেলা প্রকৌশলী (ঈদগাঁও উপজেলার উপজেলা প্রকৌশলীর অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) এর যৌথ স্বাক্ষরে আর্থিক বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ তহবিল পরিচালনার ক্ষমতা প্রদান করা হলো।

০৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চামুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০০১৩)

মূল্য : টাকা ৪.০০